*পঞ্চম পীঠ দলিল*

02522/08

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये

ONE THOUSAND RUPEES

रु.1000

Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

Ad... Sub... of ... Indian Stamp Act ... upon ... Schedule IA ...
Fees Paid...
P. Fees Rs...

Addl. Dist. Sub-Registrar
Sonarpore, South 24 Pgs.
30.1.07
24.3.05

থানা-সোনারপুর, মৌজা-হরিনাভি,

দানকৃত সম্পত্তি ঃ- কমবেশী ৩ কাঠা ১ ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত অতিপুরাতন পাকা গৃহাদির অংশ সহ।

আনুমানিক মূল্যঃ-৫,৯৮,০০০ টাকা মাত্র।

নিঃস্বত্ব দানপত্র দলিল।

নং 1621 25-01-08

তাং ... মূল্য 100/-

খরিদ্দার — S. Das Adv

সাং - Baruipur Court

শঙ্কর কুমার সরকার

স্ট্যাম্প ভেন্ডার

সোনারপুর এস.ডি.এস.আর অফিস

দক্ষিণ ২৪ পরগণা

Addl. Dist. Sub-Registry Office, Sonarpur, South 24 Parganas — Govt. of W.B.

1-12

Addl. Dist. Sub-Registrar
Sonarpore, South 24 Pgs.
30.1.08

S/o D/o / W/o ...

Dist. South 24 Parganas

by caste ...

by profession ...

Addl. Dist. Sub-Registrar
Sonarpore, South 24 Pgs.
30.1.08

Niladri Bihari Patra
S/O- Lt Nikunja Bihari Patra
72, Netaji Subhash Rd,
Harinavi, Kolkata - 700148
Occupation: Medical officer, Govt of West Bengal

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

পাতা - ২

<u>দানপত্র গ্রহিত্রীঃ</u>—

**শ্রীমতী মালবী পাত্র, স্বামীঃ-শ্রী নীলাদ্রি বিহারী পাত্র**

জাতি-হিন্দু, পেশা-গৃহকার্য্য,

সাং-৭২ এন,এস,সি বোস রোড, পোঃ-হরিনাভি,

থানা-সোনারপুর, কোলকাতা-১৪৮ ।

1622 25.01.08

নং তাং মূল্য 1000/-

বিক্রেতার O.S. Das Adv

সাং - Baruipur Court

শংকর কুমার সরকার

স্ট্যাম্প ভেন্ডার

[illegible] এ.ডি.এস.আর. অফিস

[illegible] ২৪ পরগণা

The Addl. Dist. Sub-Registry Office ★ Sonarpur, South 24 Pargana ★

GOVT. OF W.B.

Addl. Dist. Sub-Registrar

Sonarpure, South 24 Pgs.

30/1/08

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये

ONE THOUSAND RUPEES

रु.1000

Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

পাতা—৩

<u>দানপত্র দাত্রী :-</u>

**শ্রীমত্যা শান্তি সরকার, স্বামীঃ-স্বর্গীয় রথীন্দ্র নাথ সরকার,**

জাতি-হিন্দু, পেশা-গৃহকার্য্য,

সাং-৭২ এন,এস,সি বোস রোড, পোঃ-হরিনাভি,

থানা-সোনারপুর, কোলকাতা-১৪৮ ।

কন্যা শুভ নিঃস্বত্ব দানপত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা দক্ষিণ ২৪ পরগণা ,থানা ও এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর, পরগণে- মেদনমল্ল, মৌজা-হরিনাভি গ্রামস্থিত, জেঃ এলঃ -৩৬, রাজপুর সোনারপুর পৌরসভার অন্তর্গত,ওয়ার্ড নং-১৭, হোল্ডিং নং-৭২, রায়ত দখলিস্বত্ব বিশিষ্ট, সাবেক ২৭০নং খতিয়ান, আর,এস ৭৪৮নং খতিয়ানভুক্ত ।

আর,এস ১৯৭নং বাস্তু ১৫ শতক জমির মধ্যে ২ কাঠা ১৪ ছটাক ৩৪ বর্গফুট বাস্তু জমি ।

আর,এস ১৯৬/৩৯৮নং দাগে ডাঙ্গাঁ ১৯ শতক জমির মধ্যে ২ ছটাক ১১ বর্গফুট ডাঙ্গাঁ জমি।

অর্থাৎ উক্ত হরিনাভি মৌজায়, ২টি দাগে মোট ৩ তিন কাঠা ১ এক ছটাক ডাঙ্গাঁ ও বাস্তু জমি মায় তদুপরিস্থিত অতিপুরাতন পাকা গৃহাদির অংশ সহ যাহা অত্র দানপত্র দলিলের অন্তর্গত বিষয় সম্পত্তি হইতেছে ।

প্রকাশ থাকে যে হরিনাভি মৌজায় ১৯৭নং দাগে ১৫ শতক বাস্তু জমি এবং আর,এস ১৯৬/৩৯৮নং দাগে ১৯ শতক ডাঙ্গাঁ জমি, অর্থাৎ দুইটি দাগে মোট ৩৪ শতক জমি যতীন্দ্র নাথ সরকার মহাশয়ের নামে রেকর্ডভুক্ত খাস দখলিয় সম্পত্তি ছিল । উক্ত যতীন্দ্র নাথ সরকার মহাশয় বিগত ইংরাজী ১৯৬৪ সালে ৮৮৮৯নং রেজিষ্টীকৃত দানপত্র দলিলমূলে হরিনাভি মৌজায়, সাবেক ২৭০নং খতিয়ানে, আর,এস ৭৪৮নং খতিয়ানে,আর,এস ১৯৭নং দাগে ৫ শতক বা কমবেশী ৩ কাঠা ১ ছটাক জমি তাঁহার একমাত্র পুত্র শ্রী রথীন্দ্র নাথ সরকারকে দান করেন ।

তদ্পরে উক্ত যতীন্দ্র সরকার উক্ত দুইটি দাগে কমবেশী ১৬ কাঠা ৫ ছটাক ২৯ বর্গফুট জমিতে খাসে ভোগদখলিকার থাকাবস্থায় তিনি তাঁহার একমাত্র পুত্র রথীন্দ্র নাথ সরকার ও দুই কন্যা প্রতিমা সেন ও অনিমা কর দীগরকে সহ মোট ৩ জন লিগ্যাল ওয়ারিশান রাখিয়া পরলোক গমন করেন ।

উক্ত অনিমা কর পিতার ওয়ারিশানসূত্রে ১/৩ অংশ সম্পত্তি প্রাপ্ত হইয়া খাসে ভোগদখলিকার থাকাবস্থায় তাঁহার একমাত্র স্বামী- শ্রী সন্তোষ কুমার করকে লিগ্যাল ওয়ারিশান রাখিয়া পরলোক গমন করেন । উক্ত সন্তোষ কুমার কর পত্নীর ওয়ারিশানসূত্রে উক্ত সম্পত্তি প্রাপ্ত হইয়া অর্থের প্রয়োজনে বিগত ইংরাজী ১৯৯৫ সালে সোনারপুর রেজিষ্ট্রী অফিস হইতে ৬৭১০নং বিক্রয় কোবালামুলে উক্ত রথীন্দ্র নাথ সরকার ও প্রতিমা সেনকে বিক্রয় করেন।

তদ্পরে উক্ত রথীন্দ্র নাথ সরকার ও প্রতিমা সেন উক্ত সম্পত্তিতে ভোগদখলিকার থাকাবস্থায় বিগত ইংরাজী ১৯৯৫ সালে কলিকাতার রেজিষ্ট্রার অফ এ্যাসুরেন্স অফিস হইতে ৪৯৬১নং দানপত্র দলিলমূলে হরিনাভি মৌজায়,সাবেক ২৭০নং খতিয়ানে, আর,এস ৭৪৮নং খতিয়ানে, আর,এস ১৯৭নং ও ১৯৬/৩৯৮নং দাগে ১ কাঠা ৭ ছটাক ৮ বর্গফুট জমি শান্তি সরকারকে দান করেন ।

উক্ত রথীন্দ্র নাথ সরকার ও প্রতিমা সেন উভয়ে বিগত ইংরাজী ১৯৯৫ সালে কলিকাতার রেজিষ্ট্রার অফ এ্যাসুরেন্স অফিস হইতে ৪৬ নং আপোষ বন্টননামা দলিলমূলে অবশিষ্ট জমি জমা নিজেরা ভাগবাঁটোয়ারা করিয়া লয়েন । উক্ত বন্টননামা দলিলমূলে উক্ত প্রতিমা সেন 'সি' তপশীলে হরিনাভি মৌজায়, সাবেক ২৭০নং খতিয়ানে, আর,এস ৭৪৮নং খতিয়ানে, আর,এস ১৯৬/৩৯৮নং দাগে ৫ কাঠা ৪ ছটাক ৩৬ বর্গফুট জমি প্রাপ্ত হন এবং উক্ত রথীন্দ্র নাথ সরকার 'বি' তপশীলে হরিনাভি মৌজায়, সাবেক ২৭০নং খতিয়ানে, আর,এস ৭৪৮নং খতিয়ানে, আর,এস ১৯৭নং দাগে ৪ কাঠা ৬ ছটাক ১৭ বর্গফুট বাস্তু জমি প্রাপ্ত হন ।

অর্থাৎ উক্ত রথীন্দ্র নাথ সরকার খরিদা ও দানপত্র দলিলমূলে ও পার্টিশান দলিলমূলে প্রাপ্ত উক্ত হরিনাভি মৌজায়, আর,এস ১৯৭নং দাগে কমবেশী ৭ কাঠা ৭ ছটাক ১৭ বর্গফুট জমি মায় তদুপরিস্থিত গৃহাদিতে ভোগদখলিকার থাকাবস্থায় তিনি তাঁহার একমাত্র পত্নী শান্তি সরকার ও একমাত্র কন্যা মালবী পাত্রকে সহ মোট ২ জন লিগ্যাল ওয়ারিশান রাখিয়া পরলোক গমন করেন ।

এক্ষনে আমি দানপত্র দাত্রী উক্ত দানপত্র দলিলমূলে আর,এস ১৯৭নং ও ১৯৬/৩৯৮নং দাগে ১ কাঠা ৭ ছটাক ৮ বর্গফুট জমি প্রাপ্ত হইয়াছি এবং আমার স্বামীর ওয়ারিশানসূত্রে উক্ত আর,এস ১৯৭নং দাগে ৭ কাঠা ৭ ছটাক ১৭ বর্গফুট জমির মধ্যে ১/২ অংশে ৩ কাঠা ১১ ছটাক ৩১ বর্গফুট জমি মায় গৃহাদির অংশ সহ প্রাপ্ত হইয়াছি । অর্থাৎ আমি দুইটি দাগে মোট ৫ কাঠা ২ ছটাক ৩৯ বর্গফুট জমি মায় গৃহাদিতে খাসে ভোগদখলিকার আছি ।

এক্ষনে আমি দানপত্র দাত্রী আর,এস ১৯৭নং দাগে ২ কাঠা ১৪ ছটাক ৩৪ বর্গফুট জমি এবং ১৯৬/৩৯৮নং দাগে ২ ছটাক ১১ বর্গফুট জমি, অর্থাৎ ২টি দাগে মোট ৩ কাঠা ১ ছটাক জমি মায় গৃহাদির অংশ সহ অত্র দানপত্র দলিলমূলে দানপত্র গ্রহিত্রীকে দান করিতেছি। উহাতে আমার দান করিবার উত্তমস্বত্ব বিদ্যমান আছে। আমি একমাত্র মালিক। আমি ভিন্ন অন্য কেহ শরিক নাই।

তুমি দানপত্র গ্রহিত্রী আমার গর্ভজাত একমাত্র কণ্যা হইতেছ। তুমি বরাবরের জন্য আমার সহিত বরাবরের জন্য ভাল ব্যবহার করিয়া আসিতেছ। তোমার প্রতি আমার দৃঢ় বিশ্বাস আছে যে আমি যতদিন জীবিত থাকিব ততদিন তুমি আমার সহিত এইরুপ ভাল ব্যবহার করিবে। এক্ষনে আমি দানপত্র দাত্রী তোমার ব্যবহারে প্রীত ও সন্তুষ্ট হইয়া স্নেহ ও ভালবাসার নিদ্দর্শন স্বরুপ আমার নামীয় নিম্নতপশীলবর্নিত ৩ কাঠা ১ ছটাক জমি জমা মায় গৃহাদির অংশ সহ তোমার সম্মত্তিক্রমে তোমার নাম বরাবর অত্র দানপত্র দলিলদ্বারা দান করিয়া দিয়া তোমাকে খাস দখল দিলাম এবং দানকৃত সম্পত্তি হইতে আমি চিরতরে নিঃস্বত্ববতী ও বেদখলিকারিনী হইলাম।

এক্ষনে তুমি দানপত্র গ্রহিত্রী নিম্নতপশীলবর্নিত দানকৃত সম্পত্তিতে আমার ন্যায় স্বত্ববতী হইয়া বর্ত্তমান মালিক সরকারে ও স্থানীয় পৌরসভায় নিজ নাম পত্তন করতঃ ধার্য্য করাদি ও ট্যাক্সাদি আদায় দিয়া দান, বিক্রয়, বন্ধক, বিলি, হস্তান্তর, রুপান্তর, গৃহাদি ও ইমারতাদি নির্মান করিয়া সর্ব্বপ্রকার ক্ষমতাযুক্তে পুত্র পৌত্রাদি মায় ওয়ারিশানগণক্রমে ইচ্ছাধীনভাবে ভোগ দখল করিতে থাকিবে, তাহাতে কালে কস্মিনে আমি মায় আমার ওয়ারিশানগণক্রমে কেহ কোনপ্রকার ওজরাপত্য বা দাবী দাওয়া করিব না বা করিবেক না, করিলেও তাহা সর্বত্র বাতিল, অসিদ্ধ ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবেক।

অত্র দানকৃত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ, নির্গোল, পরিস্কার ও মুক্তাবস্থায় অত্র দলিলে দান করিলাম ও দখল বুঝাইয়া দিয়া দখলিচ্যুত হইলাম । প্রকাশ থাকে যে অত্র দলিলের কোন অংশে ভুল ভ্রান্তির জন্য যদি কোন সংশোধন বা পোষকীয় কোন দলিল সম্পাদনের আবশ্যক হয় তাহা গ্রহিত্রীর তলবমত করিয়া দিব ।

এতদর্থে সুস্থ শরীরে আমি সরল মনে স্বেচ্ছায় স্বজ্ঞানে অন্যের বিনা অনুরোধে ও বিনাপ্ররোচনায় আপন খুশীতে অত্র দলিলের সম্যক মর্ম্ম অবগত থাকিয়া দানপত্র গ্রহিত্রীর নাম বরাবর সহি সম্পাদন ও রেজিষ্ট্রীকরণ করিয়া দিলাম ।

**ইতি তারিখ বাংলা ১৪১৪ সনের ১৫ই মাঘ,**

**মোতাবেক ইংরাজী ২০০৮ সালের ৩০শে জানুয়ারী ।**

—ঃ দানকৃত সম্পত্তির তপশীল ও তাহার পরিচয় ঃ-

জেলা দক্ষিণ ২৪ পরগণা ,থানা ও এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর, পরগণে-মেদনমল্ল, মৌজা-হরিনাভি গ্রামস্থিত, জেঃ এলঃ -৩৬, রাজপুর সোনারপুর পৌরসভার অন্তর্গত,ওয়ার্ড নং-১৭, হোল্ডিং নং-৭২, রায়ত দখলিস্বত্ব বিশিষ্ট, সাবেক ২৭০নং খতিয়ান, আর,এস ৭৪৮ সাতশত আটচল্লিশ নং খতিয়ানভুক্ত । এল আর ১২৩৬নং খতিয়ানভুক্ত । আর,এস ১৯৭ একশত সাতানব্বুই নং দাগে বাস্তু ১৫ শতক জমির মধ্যে ২ কাঠা ১৪ ছটাক ৩৪ বর্গফুট বাস্তু জমি ।

আর,এস ১৯৬/৩৯৮ একশত ছিয়ানব্বুই বাঁটা তিনশত আটানব্বুই নং দাগে ডাঙ্গাঁ ১৯ শতক জমির মধ্যে ২ ছটাক ১১ বর্গফুট ডাঙ্গাঁ জমি।

অর্থাৎ উক্ত হরিনাভি মৌজায়, ২টি দাগে মোট ৩ তিন কাঠা ১ এক ছটাক ডাঙ্গাঁ ও বাস্তু জমি মায় তদুপরিস্থিত অতিপুরাতন পাকা গৃহাদির অংশ (যাহা কমবেশী ৩৫০ বর্গফুট) সহ যাহা অত্র দানপত্র দলিলের অন্তর্গত বিষয় সম্পত্তি হইতেছে । যাহার আনুমানিক মূল্যঃ- ৫,৯৮,০০০্ পাঁচলক্ষ আটানব্বুই হাজার টাকা মাত্র । যাহার অত্র দানপত্র সংলগ্ন নকসায় প্রদর্শিত 'এ' নং প্লটটি লাল রং দ্বারা পরিবেষ্ঠিত আছে । যাহার বার্ষিক হারাহারি খাজনা ৩্ টাকা মাত্র ।

**চার চৌহদ্দি ঃ-**

উত্তরেঃ- আর,এস ১৯৭ ও ১৯৬/৩৯৮ নং দাগের জমি,

দক্ষিনেঃ-১৯৮নং ও ২০০নং দাগের জমি, ।

পূর্বেঃ- ড্রেন ও পৌরসভার রাস্তা ।

পশ্চিমেঃ-দানপত্র গ্রহিত্রী ও দানপত্র দাত্রীর সম্পত্তি ।

আমি দানপত্র গ্রহিত্রী দানকৃত সম্পত্তি স্বানন্দে গ্রহন করিলাম ।

Malabi Pabra

**দানপত্র গ্রহিত্রীর স্বাক্ষর**

দানপত্র দলিলের বিষয়বস্তু পাঠ করিয়া দানপত্র গ্রহিত্রীকে এবং দাত্রীকে শুনাইলাম এবং উহার মর্ম্ম ও ফলাফল সম্যক অবগত করাইলাম । Subhendu ... Roy

ইসাদি ঃ-

1. Niladri Bihari Pathak
72, Netagi Subhash Rd
Harinavi, Kolkata - 700148

2. Subhendu ... Roy
Baruipur ...

মুসাবিদাকারক ঃ-

Subhendu ... Roy
Baruipur Court
Regn. ... 23/7/92

টাইপকারক ঃ-

সোনারপুর ।

দাখিলকারক ও দাতা



| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

নাম : শান্তি সরকার ........ স্বাক্ষর : শান্তি সরকার ........

দাতা / গ্রহীতা



| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

নাম : Malabi Patra ........ স্বাক্ষর : Malabi Patra ........

দাতা / গ্রহীতা

| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

নাম : ........ স্বাক্ষর : ........

দাতা / গ্রহীতা

| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

নাম : ........ স্বাক্ষর : ........

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I
CD Volume number 5
Page from 4359 to 4374
being No 02[illegible]22 for the year 2008.

(Utpal [illegible] Chakrabarty) 27-March-2008
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A.D.S.R. SONARPUR
[illegible]